

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) আজ ভ্রাতৃত্বদ্বিতীয়া। প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রী ভাইবোনের নিবির স্নেহ ও অটুট বন্ধন কামনা করেছেন ।
- (২) মহিলাদের সুরক্ষা ও কল্যাণের স্বার্থে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে বর্তমান রাজ্য সরকার -বলেছেন মুখ্যমন্ত্রী।
- (৩) এন এফ রেলওয়ের লামডিং-বদরপুর সেকশনে আজ সকাল থেকে ট্রেন চলাচল সম্পূর্ণ স্বাভাবিক হয়েছে।
- (৪) ভারতে যক্ষা রোগের প্রকোপ হ্রাস দেশের আন্তরিক ও উদ্ভাবনী প্রচেষ্টার ফসল - বলেছেন প্রধানমন্ত্রী ।
- (৫) পূর্বাঞ্চলীয় বিশ্ববিদ্যালয় নক আউট মহিলা ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের লড়াইয়ে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ফাইন্যালে উঠেছে।

Bhatriditiya:

আজ ভ্রাতৃত্বদ্বিতীয়া। এই দিনে বোনেরা ভাইদের ফোঁটা দিয়ে দীর্ঘ সুস্থ জীবন ও পারিবারিক সুখ সাচ্ছন্দ্য কামনা করেন। ভাইফোঁটাকে কেন্দ্র করে পরিবারে মিলন হয়, খাওয়া-দাওয়া আশীর্বাদ স্বরূপ সাধ্য অনুযায়ী উপহার বিনিময়ের প্রচলন রয়েছে। আজ সকালে বাজারগুলিতে এই উপলক্ষ্যে ক্রেতা বিক্রেতাদের ভীড় লক্ষ্য করা গেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভাইফোঁটা উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন ভাই ও বোনের মধ্যে পারস্পরিক স্নেহ আরো নিবিড় হোক।

CM:

মহিলাদের সুরক্ষা ও কল্যাণের স্বার্থে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে বর্তমান রাজ্য সরকার। আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা এবং এক ভারত, শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার জন্য সামিল হতে হবে। আজ ভ্রাতৃত্বদ্বিতীয়া উপলক্ষে আগরতলার সরকারি বাসভবনে আয়োজিত অনুষ্ঠানে সংবাদ মাধ্যমকে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

মুখ্যমন্ত্রী তাঁর সরকারী বাসভবনে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত বোনদের ভাইফোঁটা নেন। মুখ্যমন্ত্রীকে ভাইফোঁটা দেন কর্পোরেটর রত্না দত্ত, বিজেপি মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার, বিজেপি নেত্রী পাপিয়া দত্ত প্রমুখ। মুখ্যমন্ত্রী বলেন, এইদিনটি ভাইবোনদের কাছে খুবই তৎপর্যপূর্ণ ও আনন্দের। তিনি সকল ভাইবোনদের অটুট বন্ধন কামনা করেন।

Train Services resumed:

এন এফ রেলওয়ের লামডিং-বদরপুর সেকশনে আজ সকাল থেকে ট্রেন চলাচল সম্পূর্ণ স্বাভাবিক হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারীক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, গতকাল বিকেলে মালগাড়ি চালিয়ে ট্রেন লাইনের নিরাপত্তা পরীক্ষা করা হয়। এর পর গতকাল সন্ধ্যা থেকে পুনরায় ট্রেন চলাচল শুরু করা হয়। পাহাড় লাইনের মুপার কাছে একটি রেল সুরঞ্জে মালবোঝাই একটি বগি লাইনচ্যুত হওয়ায় গত ৩১ শে অক্টোবর বিকেল থেকে এই সেকশনে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। ফলে আগরতলা থেকেও দূরপাল্লার সব ট্রেন চলাচল

বন্ধ ছিল। আগরতলা রেল স্টেশনের স্টেশন ম্যানেজার চন্দ্র মোহন সাহু জানিয়েছেন, ট্রেন চলাচল স্বাভাবিক হওয়ায় গতকাল রাতে আগরতলা থেকে নির্ধারিত দেওঘর এক্সপ্রেস ও আজ সকালে আগরতলা-সেকেন্দ্রাবাদ এক্সপ্রেস রওয়ানা হয়েছে।

Ratan lal nath:

মোহনপুর মহকুমার ডাইনমারা পাড়া এলাকায় আজ বিজেপি জনজাতি মোর্চার কার্যকর্তাদের নিয়ে সাংগঠনিক বৈঠক করেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। সভায় ভিলেজ গুলোতে আরো বেশি উন্নয়ন পরিকল্পনা সহ ভিলেজ কমিটি নির্বাচনের সার্বিক প্রস্তুতি নিয়ে আলোচনা হয় বলে মন্ত্রী শ্রী নাথ জানান।

DYFI :

ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশন DYFI-এর ৪৫ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আজ রাজ্যের নানা প্রান্তে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। আগরতলার মেলার মাঠ ছাত্র যুব ভবনে এই উপলক্ষ্যে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী মানিক দে ও প্রাক্তন DYFI রাজ্য সম্পাদক পবিত্র কর সহ অন্যান্যরা।

এদিকে, সদরের নতুন নগরে এই উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক সুদীপ সরকার।

DYFI-এর প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে তেলিয়ামুড়া হাসপাতালে রোগীদের মধ্যে ফল, মিষ্টি বিতরণ করা হয় সংগঠনের পক্ষ থেকে।

দক্ষিণ জেলার তিনটি মহকুমায়ও সংগঠনের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

Krishok Shaba Press meet:

বন্যায় ক্ষতিগ্রস্ত প্রকৃত কৃষকদের আর্থিক সাহায্য প্রদান, বেনিফিসিয়ারীদের দেওয়া অর্থের তালিকা প্রকাশ, সেচের কাজে ব্যবহৃত অকেজো মেশিনগুলি সচল করা সহ কৃষকদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন দাবি কৃষিমন্ত্রী রতন লাল নাথের কাছে পেশ করেন সারা ভারত কৃষক সভা ত্রিপুরা রাজ্য কমিটির এক প্রতিনিধি দল। আজ সংগঠনের কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানান সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর। তিনি বলেন, রাজ্যে বন্যায় ক্ষতিগ্রস্ত বিভিন্ন এলাকা পরিদর্শন করে কৃষকদের দুরবস্থার বিষয়টি প্রত্যক্ষ করার পর সরকারের কাছে তা তুলে ধরার জন্যই তাদের এই সাক্ষাৎকার।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতে যক্ষা রোগের প্রকোপ হ্রাস দেশের আন্তরিক ও উদ্ভাবনী প্রচেষ্টার ফসল। দেশের অগ্রগতির প্রশংসা করে শ্রী মোদী সামাজিক মাধ্যমে আজ এক বার্তায় বলেন, সরকার সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে যক্ষা মুক্ত ভারতের দিকে কাজ করে যাবে। তিনি আরও বলেন, দেশে যক্ষা মুক্ত ভারত গঠনের প্রতিশ্রুতিতে অবিচল রয়েছে।

উল্লেখ করা যায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা -WHO তথ্য অনুযায়ী ভারতে যক্ষা রোগীর সংখ্যা ২০১৫ থেকে ২০২৩ সালে ১৭.৭ শতাংশ হ্রাস পেয়েছে। যেখানে সারা বিশ্বে এই হার ৮.৩ শতাংশ। স্বাস্থ্য মন্ত্রী জে. পি নাড্ডা বলেছেন, সরকার নিকশয় পোষণ যোজনার মাধ্যমে যক্ষা রোগীদের প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে জাতীয় যক্ষা নিবারণী প্রকল্প জোরদার করেছে।

BJP:

প্রবীন বিজেপি নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাঁচিতে ঝাড়খন্ড বিধানসভা নির্বাচনের জন্য দলীয় ইশতেহার সংকল্পপত্র প্রকাশ করেছেন।

এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, বিজেপি সরকারে এলে অভিন্ন দেওয়ানি বিধি ঝাড়খন্ডে কার্যকর করা হবে কিন্তু আদিবাসীরা এর আওতার বাইরে থাকবে।

Congress :

কেরালায় কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী এবং লোকসভার বিরোধী দলের নেতা রাহুল গান্ধী আজ ওয়ানাদ সংসদীয় কেন্দ্রে আরেক দফা দলীয় প্রচার শুরু করেছেন।

উভয় নেতাই মানন্তবাদীতে একটি জনসভায় অংশ নিয়েছিলেন এবং প্রিয়াঙ্কা ভালাদে একটি পৃথক সভায় ভাষণ দেন।

Press-meet :

কৈলাশহরের ঐতিহ্যবাহী শিশু নিকেতন হাইস্কুলের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে বর্ষব্যাপী সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের সূচনা হচ্ছে আগামী চৌদ্দ-ই নভেম্বর। প্রথম পর্যায়ে চৌদ্দ থেকে আঠারো-ই নভেম্বর পর্যন্ত পাঁচদিনের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ বিকালে এক সাংবাদিক সম্মেলনে সুবর্ণজয়ন্তী বর্ষের অনুষ্ঠানসূচী ও বিদ্যালয়টি গড়ে উঠার ইতিহাস নিয়ে আলোকপাত করা হয়। আগামী চৌদ্দ-ই নভেম্বর বিকালে সুবর্ণজয়ন্তী বর্ষের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়।

আজকের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, বিদ্যালয় পরিচালন কমিটির সভাপতি অরুণ দেব চৌধুরী, ভারপ্রাপ্ত প্রধান

শিক্ষক মনোজ কান্তি দাস প্রমুখ। উল্লেখ্য, ১৯৭৫ সালের চৌদ-ই নভেম্বর শিশু নিকেতন বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়।

Agriculture Deptt. -Bokafa:

গ্রামীণ অর্থনীতির বিকাশে কৃষি দপ্তর নিয়ন্ত্রিত কাঁঠালিয়াছড়া জল বিভাজিকা কমিটির উদ্যোগে আজ বকাফা ব্লকের কাঁঠালিয়াছড়া ভিলেজ অফিস মাঠে এক সভায় কাঁঠালিয়া ও মধ্য কাঁঠালিয়া এডিসি ভিলেজের ৫১ জন সুবিধাভোগীকে ছাগল, হাঁসের ছানা ও সেলাই মেশিন বিতরণ করা হয়। বকাফার কৃষি তত্ত্বাবধায়ক রাজীব সেন জানান, এগ্রিকালচার ফারমার্স ওয়েলফেয়ার ডব্লিউ.ডি.সি প্রজেক্ট থেকে প্রত্যেক সুবিধাভোগীকে ১০ হাজার টাকা মূল্যের জিনিস প্রদান করা হয়। বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন কৃষ্ণাবতী রিয়াং, কাঁঠালিয়াছড়া ভিলেজের চেয়ারম্যান রঘুনাথ রিয়াং, কাঁঠালিয়া জল বিভাজিকা প্রকল্পের সম্পাদক প্রশান্ত রিয়াং প্রমুখ সুবিধাভোগীদের হাতে জিনিসগুলি তুলে দেন।

Health camp- Prajapita Brahmakumari:

প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ আড়ালিয়াস্থিত আশ্রমে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। উপস্থির ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব পি কে চক্রবর্তী, পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডঃ বিশাল কুমার, সদর মহকুমা শাসক মানিকলাল দাস প্রমুখ।

Swaccha Bharat Abhijan:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহবানে সাড়া দিয়ে এখন থেকে প্রতিমাসের এক তারিখ ইন্দ্রনগর গোমতী ডেয়ারী অফিস কার্যালয়ে স্বচ্ছ ভারত অভিযান কর্মসূচি অনুষ্ঠিত হবে। ত্রিপুরা

কোঅপারেটিভ মিল্ক প্রডিউসার ইউনিয়ন লিমিটেড তথা গোমতী ডেয়ারীর চেয়ারম্যান রতন ঘোষ এ খবর জানান। তিনি বলেন প্রধানমন্ত্রীর স্বচ্ছ ও সংস্কার অভিযান কে বাস্তবে রূপ দেওয়া আমাদের লক্ষ্য। তাছাড়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মায়ের নামে একটি গাছ লাগানোর যে বার্তা দিয়েছে তাকেও বাস্তবায়িত করা হবে।

TSECL Bangladesh power:

প্রতিবেশী বাংলাদেশ ত্রিপুরা থেকে আরও বিদ্যুৎ সরবরাহের অনুরোধ জানিয়েছে। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর বিশ্বজিত বসু আকাশবাণী কে জানিয়েছেন, বাংলাদেশ বিদ্যুৎ মন্ত্রক ত্রিপুরা থেকে দৈনিক ২৫০ মেগাওয়াট বিদ্যুৎ চেয়েছে। তিনি জানান, বর্তমানে বিদ্যুৎ নিগম দৈনিক গড়ে ৫৫ মেগাওয়াট থেকে সর্বোচ্চ ৮০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করছে। ম্যানেজিং ডিরেক্টর বসু আরও জানান, ২০১৬ সালের মার্চ মাস থেকে বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ শুরু হয়। বিদ্যুৎ বিক্রি বাবদ বাংলাদেশ গতমাসে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমকে বকেয়া বাবদ ৪০ কোটি টাকা মিটিয়ে দিয়েছে বলে তিনি জানান।

University Football:

পূর্বাঞ্চলীয় বিশ্ববিদ্যালয় নক আউট মহিলা ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের লড়াইয়ে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ফাইন্যালে উঠেছে। ইম্ফলের জাতীয় ক্রীড়া বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এই আসরে আজ ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ১-০ গোলে মণিপুরের জাতীয় ক্রীড়া বিশ্ববিদ্যালয়কে পরাজিত করে। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধিনায়িকা মৌসুমি ওরাং জয়সূচক গোলটি করে।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচে ত্রিপুরার বিরুদ্ধে খেলতে আজ সন্ধ্যায় আগরতলা এসেছে বরোদা দল। আইপিএল তারকা ক্রুনাল পাণ্ডিয়ার নেতৃত্বে দলটি আগামীকাল এম বি বি স্টেডিয়ামে অনুশীলন করবে। ত্রিপুরা দলও আগামীকাল অনুশীলন করবে। আগামী ৬ নভেম্বর থেকে চারদিনের এই ম্যাচটি শুরু হবে।

Weather :

রাজ্যের তাপমাত্রার পারদ কমতে শুরু করেছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস। এদিকে, আগামী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের দিকে কুয়াশা পড়তে পারে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।
